দৈনিক ইত্তেফাক

২১/৯/২০০১
তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# নূতন এমপিওভুক্ত ১৯ শত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা নিয়া জটিলতা শুরু

**ইত্তেফাক রিপোর্ট** ॥ সম্প্রতি এমপিওভুক্ত হওয়া ১৯শত বেসরকারী স্কুল, কলেজ, মাদ্রাসার প্রায় ২০ হাজার শিক্ষক-কর্মচারীর বেতনের সরকারী অংশ প্রদানের ব্যাপারে জটিলতা দেখা দিয়াছে। দীর্ঘ পর্যবেক্ষণের পর উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এমপিওভুক্ত করা হইয়াছে। নিয়ম অনুযায়ী শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের ব্যাপারে উদ্যোগ গ্রহণের জন্যও সংশ্লিষ্ট বিভাগকে নির্দেশ দেওয়া হইয়াছে। গতকাল বুধবার একটি সূত্র জানায়, সম্প্রতি এমপিওভুক্ত হওয়া শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীবৃন্দ সহসা বেতন-ভাতার সরকারী অংশ পাইবেন না। ৫ই জুলাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পক্ষে উপ-পরিচালক এস এম মকফুর হোসেন অগ্রণী, সোনালী, জনতা ও রূপালী ব্যাংকের উপ-মহাব্যবস্থাপক বরাবরে একটি বিশেষ পত্র প্রেরণ করিয়াছেন। পত্রে উল্লেখ করা হইয়াছে, শুধু এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের জন্য বর্তমানে মে ২০০১ (এক) মাসের বেতন-ভাতাদির সরকারী অংশের টাকা এপ্রিল ২০০১ মাসের প্রেরিত এমপিও'এর হিসাবে অনুযায়ী পরিশোধ করিতে হইবে। পরবর্তী সময়ে মে ২০০১ মাসের এমপিও-এর সংশোধনী প্রেরণ করিয়া প্রয়োজনীয় পদক্ষেপের সিদ্ধান্ত জানাইয়া দেওয়া হইবে।'

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের সমন্বয়কারী সেলিম ভুঁইয়া গতকাল এক বিবৃতিতে বলিয়াছেন, উল্লেখিত চিঠিতে ইহা পরিষ্কার হইয়াছে যে, সংশোধনী জারির পূর্বে তৃতীয় বিভাগধারী এবং এমপিওভুক্ত নূতন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকরা বেতন পাইবেন না। বিবৃতিতে এই ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করা হইয়াছে।